

SAHITYA BISARI - ISSN2278-1978

100/-



### ଆଗାମୀ ମନ୍ଥାର ବିଷୟ ଜାଣି

(୧) ଅତର୍କ୍ଷ ଧ୍ବରଣେ (୨) ବିଜ୍ଞାପନର ନାନା ଗାଥା (୩) ରୂପକଥାର ନବ ନିର୍ବାଣ

Edited by : Ranjana Mitra

Published by : SAHITYA BISARI

DL-99, Sec - II, Bidhannagar, Kolkata - 700 091

Mobile : 9831829563

Printed by :  
A. G. Offset, Kolkata

# ଆଧି ବିକାରି

ନାନାରୂପେ ଚିତ୍ରକଥା ବା କବିତ୍ତ





নবকালের 'সাহিত্য বিসারী'  
একত্রিংশতি সংখ্যা (যুগ্ম সংখ্যা)  
৯ ই পৌষ, ১৪২৭  
২৫ শে ডিসেম্বর, ২০২০

পরিচালন সমিতি

প্রধান উপদেষ্টা : ড. তরুণ মুখোপাধ্যায়  
সম্পাদকমণ্ডলী : অধ্যাপিকা কৃষ্ণা বসু, ডঃ সুনীল দাশ, জ্যোতির্ময় দাশ,  
ডঃ স্বতম্ মুখোপাধ্যায়, অধ্যাপিকা অমৃতা ঘোষাল।

প্রকাশক ও সম্পাদকের দপ্তর

রঞ্জনা মিত্র  
ডি এল ৯৯, সেক্টর ২, বিধাননগর, কলকাতা - ৭০০ ০৯১  
চলভাষ : ৯৮৩১৮২৯৫৬৩ দূরভাষ : (০৩৩) ২৩৫৯ ১৭১৬

প্রচ্ছদ ভাবনা

রঞ্জনা মিত্র

অক্ষর বিন্যাস

পাপু চক্রবর্তী

শিশির মার্কেট, শিয়ালদহ, কলকাতা

মুদ্রক

এ. জি. অফসেট

৭/১, গুরুদাস দত্ত গার্ডেন, কলকাতা - ৭০০ ০৭৮

বিনিময় মূল্য

১০০ টাকা (একশো টাকা) মাত্র

সূচীপত্র

সম্পাদকীয়

অভিশপ্ত ২০২০ : স্মৃতি তর্পণ — সংহিতা সেনগুপ্ত

দ্বিশতবর্ষ

বাজে অফুরান সে-গানের রেশ বাজে — স্বতম্ মুখোপাধ্যায়  
দ্বিশতবর্ষে এঙ্গেলস্ ও তাঁর কাব্যনাটক — তরুণ মুখোপাধ্যায়

শতবর্ষ

গল্পকার সোমেন চন্দ : জন্মশতবর্ষ শ্রদ্ধাঞ্জলি — রঞ্জনা মিত্র  
জন্মশতবর্ষ স্মরণে সাহিত্যিক সন্তোষকুমার ঘোষ — শেলী বসু

প্রবন্ধ

কমিক্স-এর অ-আ-ক-খ — কৌশিক মজুমদার  
কমিক্স গ্রুপদী-সাহিত্যের চিত্রকথা — জ্যোতির্ময় দাশ  
দি অ্যামেজিং স্পাইডারম্যান — অনন্যা দাশ  
বিলির বুট : বাঙালির ফুটবল নস্ট্যালজিয়ার এক চিরন্তন কমিক্স-গাঁথা — অর্পণ দাস  
Agenda, Antithesis আর আসটেরিস্ক — ইন্দ্রনীল হালদার  
ফ্যান্টম : মিথের আবরণ এবং ঔপনিবেশিক চরিত্রের উন্মোচন — সৌভিক চ্যাটার্জী  
কোন ছেলেটা, ভেলভেলেটা! ওর নাম 'গাবলু' ওরফে  
গুণধর নাকি হেনরী? — অমৃতা ঘোষাল  
কমিক্সের দুনিয়ায় চাচা চৌধুরী — হুসনে বানু

অনুবাদ কবিতা

লুইজি গ্লিকের দুটি কবিতা — অনুবাদ ও প্রাসঙ্গিক তথ্য : উজ্জ্বল পান্ডা  
নাইটিংগেলের প্রতি জন কিটস — অনুবাদ : হুমায়ুন আজাদ

গল্প

গোদের ওপর বিষফোঁড়া — অঞ্জনা রেজ ভট্টাচার্য  
হাতে হাতে হাতাহাতি — তারক রেজ

নাট্য ভাবনা

বাংলা নাট্যসাহিত্যে মনোজ মিত্র ও তাঁর সমকালের নাট্যব্যক্তিত্ব — প্রবীর মাইতি

পুস্তক পর্যালোচনা

বৃষ্টিজল, তীর্থজল — সুস্মিতা সাহা  
অনন্ত অন্বেষণে মানবতার পথে — সুস্মিতা সাহা  
আউল বাউল মন — নীলাঞ্জনা হাজরা  
আয়নায় আর এক চোখ — নীলাঞ্জনা হাজরা




## সাহিত্য বিসারী

কোন ছেলেটা, ভেলভেলেটা! ওর নাম 'গাবলু' ওরফে গুণধর নাকি হেনরী?  
অমৃতা ঘোষাল

বয়স হবে মেরেকেটে আট থেকে দশ! মাথা তার সবসময়ই নেড়া। পরনে লাল গেঞ্জি আর কালো হাফ প্যান্ট। গাল বেশ ফুলফুল, একটা আদুরে ভাঁড়িও আছে। 'আনন্দমেলা' পত্রিকায় একটা ছোট অংশ তার জন্য বরাদ্দ থাকত। গাবলু তার নাম। গাবলুর ভাব-ভঙ্গী সবই আমাদের ছোটবেলার সঙ্গে মিলে যেত। কিন্তু পরিবেশটুকু অচেনা ঠেকত! এ তো আমাদের মহানগরের সদস্য নয়, কিংবা গ্রাম-বাংলার প্রেক্ষাপটেও ঠিক আঁকা নয়। অর্থাৎ একটু দূরের বাসিন্দা গাবলু। ওর স্বাদ-অহ্লাদ সমস্তই প্রবাসে। তবু ঘরের ছেলেই হয়ে উঠেছিল গাবলু খুব দ্রুত তালে।

এবার দেখে নেওয়া যাক প্রবাসের ছেলেটিকে। আমেরিকান কার্টুনিস্ট কার্ল থমাস আন্ডারসন (Carel Thomas Anderson; ১৪ ফেব্রুয়ারি, ১৮৬৫ - ৪ নভেম্বর, ১৯৪৮) হঠাৎই আঁকেন হেনরী নামের ছেলেটিকে। কার্টুন স্কুলে আঁকা একটু স্বাস্থ্যবান,



জন ট্রাক্ট-এর হেনরী

নেড়া মাথা ছেলেটির ছবি পছন্দ করে ফেলে 'স্যাটারডে ইভনিং পোস্ট' নামে পত্রিকাটি। অমনি, ১৯৩২ খ্রিষ্টাব্দের মার্চ মাস থেকে শুরু হয়ে যায় 'হেনরী' কমিক স্ট্রিপ। হেনরীর কার্যকলাপ ভীষণভাবে অন্যান্য দেশেও জনপ্রিয় হয়ে পড়ে। তখন হেনরী অনুদিত হতে থাকে অন্যান্য দেশের ভাষাতেও। আমাদের কাছে সে চলে আসে 'গাবলু' নামে।

এবার কমিক্সটির আদল বুঝতে গেলে 'Pantomime' শব্দটির সঙ্গে পরিচিত হবে হবে। 'Pantomime' বলতে আমরা বুঝি— "Silent form of the drama in which the story is developed by movement, gesture, facial expression, and stage properties. It is known to have existed among the Chinese, Persians,

## সাহিত্য বিসারী

Hebrews, and Egyptians and has been observed in many other cultures. Pantomime was popular in ancient Rome, where it was often explained by songs or simple action. The traditional characters of Pantomime take their origin in the Italian Commedia dell'arte of the 16th cent. English Pantomime, originated by John Rich, was more pageant than Pantomime, and in 1818, when J. R. planche began his extravaganzas with 'speaking openings', Pantomime in England became a dramatic spectacle with songs and



জ্যাক ট্রিপেট-এর হেনরী

speeches. Joseph Grimaldi and Jean Gaspard Debureau were famous Pantomime stars of the 19th cent. In silent pictures, Charlie Chaplin made his name as great Pantomime actor. Marcel Marceau has been the leading artist in France." [weblink - encyclopedia2.thefreedictionary.com / Pantomime + (theatre)]

ছেলেটির মুখে কোনও বাক্য নেই। কখনও কখনও কিছু ধ্বনি অবশ্য তার উচ্চারণে মেলে। তার আচরণ কখনও উদ্ভট, কখনও চতুর, কখনও হাস্যকর, কখনও বা অ-সঙ্গত। তাই আগাগোড়া ছেলেটি একপ্রকার মুকাভিনয় করে গেছে। আন্ডারসন হেনরীর স্রষ্টা হলেও কমিক স্ট্রিপটির ইলাস্ট্রেশন করেছেন কিন্তু আন্ডারসনের পরেও অনেকে। John Liney, Don Trachte, Jach Tippit প্রমুখ। এঁরা প্রত্যেকেই সম্ভবত 'প্যান্টোমাইম' বিষয়টির সঙ্গে সম্যকভাবে পরিচিত ছিলেন। তাই ভীষণ অল্প শব্দ, সামান্য কিছু সঙ্কেত কিংবা চিহ্ন আর আড়ম্বরহীন ছবির মাধ্যমেই হেনরীর কমিক্সটিকে সুস্পষ্টভাবে সজ্জিত করেছিলেন। সে সজ্জায় বাক্চাতুর্য ফুটে না উঠলেও গঠনবিন্যাস কিন্তু ছিল বড়োই আকর্ষক। বেশ ঘনপিনাক্তভাবেই এক একটা ছবি পরস্পরের সঙ্গে অস্থিত। কোথাও কোনও অতিরিক্ততা কিংবা শৈথিল্য নেই।

এবার আনন্দমেলায় প্রকাশিত 'গাবলু'-র বেশ কয়েকটি কমিক্স আলোচনার আওতায় আনবো। 'গাবলু'-কে এক জায়গায় দেখি, 'ব্যায়াম করে শক্তি বাড়ান' বই দেখে সে স্কিপিং করছে, ডায়েল দিয়ে এজারসাইজ করছে, আবার বক্সিং-ও প্র্যাকটিস করে